৫৪১৫

তারিখ 11 JUL 1987
পৃষ্ঠা 5 কলাম 1

JUL 018

দৈনিক বাংলা

# পরীক্ষার স্থগিত ফল

ঢাকা বোর্ডের এসএসসি পরীক্ষার তিন হাজার পরীক্ষার্থীর ফলাফল প্রকাশিত হয়নি। তাদের রোল নম্বরের পাশে লেখা হয়েছে 'স্থগিত'। পরীক্ষার ফল প্রকাশকালে এ ধরনের কোন বক্তব্য লিখিতভাবে দেননি বোর্ড কর্তৃপক্ষ। এককালে পরীক্ষার ফল প্রকাশের সময় সাংবাদিক সম্মেলনের রেওয়াজ ছিল। সে পাটও এবার চুকে গেছে।

জানা গেছে প্রধানত তিনটি কারণে পরীক্ষার ফল প্রকাশ স্থগিত রাখা হয়েছে। কারণ হচ্ছে (১) পরীক্ষার পূর্ব মুহূর্তে নকলের অভিযোগে পরীক্ষার কেন্দ্র পরিবর্তন। (২) সঠিক রোল নম্বর এবং রেজিস্ট্রেসন নম্বর না থাকা। (৩) অনেক পরীক্ষার্থীর সকল পরীক্ষার নম্বর না পাওয়ায়।

কিন্তু এর একটি কারণের জন্যেও কি ছাত্রছাত্রীরা দায়ী? পরীক্ষার পূর্ব মুহূর্তে ইচ্ছে হলেই পরীক্ষার কেন্দ্র পরিবর্তন সম্ভব নয়। আবার ইচ্ছে হলেই কর্তৃপক্ষ পরীক্ষা কেন্দ্র পরিবর্তনের আবেদন প্রত্যাখ্যান করতে পারেন। সুতরাং পরীক্ষার কেন্দ্র পরিবর্তনের চূড়ান্ত দায়িত্ব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের। ছাত্রছাত্রীদের নয়। দ্বিতীয়ত পরীক্ষার্থীর রোল নম্বর এবং রেজিস্ট্রেসন নম্বর সঠিকভাবে লিখিত না হলে পরীক্ষার ফরম গ্রহণ না করার কথা। এ ধরনের ফরম অসম্পূর্ণ বলে অগ্রাহ্য হবার কথা।

তৃতীয়ত পরীক্ষার্থীদের সকল পরীক্ষার ফল বোর্ড অফিসে পৌঁছাবার পূর্বে ফল প্রকাশ কি বাঞ্ছনীয়? এধরনের ঘটনা কি পূর্বে ঘটেছে? কোন মহল কি এমনি করে বোর্ড কর্তৃপক্ষকে অসম্পূর্ণ ফল প্রকাশের জন্য চাপ দিয়েছে? এ প্রশ্ন স্বাভাবিকভাবেই উঠবে।

সবচেয়ে বড় কথা হচ্ছে সংশ্লিষ্ট অভিভাবক এবং ছাত্রছাত্রীদের মনোভাবের কথা। এতে যেকোন সময় যেকোন অঘটন ঘটে যেতে পারে। কারো ভবিষ্যৎ পড়াশুনা বন্ধ হয়ে যেতে পারে। পরীক্ষার ফল স্থগিত থাকায় অমূলক সন্দেহ সৃষ্টি হচ্ছে পারিবারিক পরিবেশে।

আমরা মনে করি কোন কারণে পরীক্ষার ফল স্থগিত রাখা হলে তার কারণও সঙ্গে সঙ্গে প্রকাশ করা বাঞ্ছনীয়। আশা করব অবিলম্বে ঢাকা বোর্ড কর্তৃপক্ষ স্থগিত ফল প্রকাশের ব্যবস্থা করবেন।